টুইটারের সিদ্ধান্তে ব্লুস্কাইয়ের সুবিধা

টুইটার একাউন্ট ছাড়া এখন আর কোনো কন্টেন্ট দেখা যাবে না। ইলন মাস্কের দাবি, ডাটা স্ক্র্যাপিং হয় বলে তিনি এমন সিদ্ধান্ত নিয়েছেন। তবে টুইটারের পোস্ট এভাবে সীমাবদ্ধ করায় একাধিক সমস্যা হতে পারে। বিজ্ঞাপন কম পাওয়ার বিষয় তো আগে থেকেই আছে। এরসঙ্গে যুক্ত হয়েছে প্রতিযোগীদের সুবিধার বিষয়টি।

এই মুহূর্তে টুইটারের সামনে বড় প্রতিদ্বন্দ্বী ব্লুস্কাই৷ শোনা যাচ্ছে, ইনস্টাগ্রামও টুইটারের প্রতিদ্বন্দ্বী গড়ে তোলার জন্য কাজ করছে। ব্যবহারকারীরাও ইতোমধ্যে ব্লুস্কাই বা টুইটারের প্রতিযোগী প্লাটফর্মে ভিড় করছে। ব্লুস্কাই সম্প্রতি সবচেয়ে বেশি ব্যবহারকারীর সংখ্যার কথা স্বীকার করেছে।

ব্লুস্কাই মূলত একটি ডিসেন্ট্রালাইজড সোশ্যাল মিডিয়া প্লাটফর্ম। গঠনের হিসেবে এটি টুইটার থেকে একেবারে আলাদা। তবে এই প্লাটফর্মে একাউন্ট করতে হলে ইনভাইটেশন জরুরি। ব্লুস্কাই অবশ্য এই বিষয়টি সমাধানের প্রতিশ্রুতি দিয়েছে। তাছাড়া প্লাটফর্মটির কিছু অসুবিধা ঠিক করে অ্যান্ড্রয়েড ও আইওএসে সামাজিক যোগাযোগ মাধ্যমে ব্যবহারকারীদের অ্যাকাউন্ট খোলার সুযোগ করে দেওয়া হবে। টুইটারে ব্যবহারকারীর অনেক সীমাবদ্ধতা রয়েছে। ভ্যারিফাই করা টুইটার অ্যাকাউন্টে ১০ হাজার টুইট দেখা যায়। ভ্যারিফাই না করলে, ১ হাজার দেখা যাবে। আর নতুন অ্যাকাউন্টে ৫০০ টুইট পড়ার ব্যবস্থা রয়েছে। সঙ্গত কারণেই টুইটারের প্রতিযোগীরা বাড়তি সুবিধা পাচ্ছে এবার।

সূত্র: ইত্তেফাক

স্পটিফাইয়ে দেখা যাবে ভিডিও

স্পটিফাইয়ে এমনিতেই ১ লাখ ভিডিওসহ পডকাস্ট আছে। এবার স্পটিফাই অ্যাপে ফুল লেন্থ ভিডিও যুক্ত করার চিন্তা করছে। মূলত টিকটক ও

ইউটিউবের সঙ্গে প্রতিদ্বন্দ্বিতা করতেই এমন একটি ফিচার যুক্ত করার চিন্তা করা হচ্ছে। যদিও স্পটিফাই থেকে এখনো এ বিষয়ে কোনো মন্তব্য পাওয়া যায়নি।

কিন্তু এই ধারণার সত্যতা এখনই পাওয়া যাচ্ছে। স্পটিফাইয়ে এখনই গানের সঙ্গে জিয়াইএফ আকারে লুপ ভিডিও যুক্ত করার অনুমতি দেওয়া হচ্ছে। ফলে ইউটিউব ও টিকটক থেকে অনেক ব্যবহারকারীই এখন স্পটিফাইয়ে চলে আসছে। এমনিতেও স্পটিফাই নতুন করে বিনিয়োগ বাড়িয়েছে। তবে চলতি বছর পডক্যাস্ট ইউনিট থেকে প্রায় ৩০০ কর্মী ছাটাইয়ের ঘোষণা দিয়েছিল।

সূত্র: ইন্ডিয়ান এক্সপ্রেস

এড ব্লকারের কার্যকারীতা কমবে ইউটিউবে

বিজ্ঞাপনের কার্যকারীতা কমানোর জন্য ইউটিউব নতুন একটি পরীক্ষা চালাচ্ছে। এডব্লক থাকলে ইউটিউব এখন তা বন্ধ করতে বলবে অথবা তাদের প্রিমিয়াম সাবস্ক্রিপশন কিনতে বলবে।

রেডিটে ব্যবহারকারীরা ইতোমধ্যে বেশকিছু স্ক্রিনশট দিয়েছে। ব্লিপিং কম্পিউটার নামে একটি অ্যাকাউন্ট প্রথম এই সতর্কীকরণ দেখতে পায়। কম্পিউটারে এড ব্লকার এক্সটেনশন আছে ওই কম্পিউটারে। সতর্কীকরণ নোটে বলা হয়েছে, ‘তিনটি ভিডিওর পর ভিডিও প্লেয়ার বন্ধ হয়ে যাবে।’ ওই নোটের নিচেই বলে হয়েছে, ‘আপনি অ্যাড ব্লকার ব্যবহার করছেন। এড ব্লকারটি বন্ধ না করলে আপনার ভিডিও প্লেয়ার বন্ধ হয়ে যাবে।’

ইউটিউব কর্তৃপক্ষ জানিয়েছে, তারা বৈশ্বিক পর্যায়ে একটি পরীক্ষা চালাচ্ছে। মানুষ যেন এড ব্লকার ছাড়া ইউটিউব দেখে অথবা তাদের প্রিমিয়াম প্ল্যান খরিদ করে।

রেডিটে থার্ড পার্টি অ্যাপের সুবিধা

রেডিটের বিভিন্ন কমিউনিটির মডারেটররা সম্প্রতি কোম্পানির কাছে কিছু খোলা চিঠি পাঠিয়েছে। মূলত বিগত কদিন কমিউনিটির সমস্যাগুলোর সুষ্ঠু সমাধানের প্রত্যাশা করছে তারা। এক্ষেত্রে থার্ড পার্টি অ্যাপ ফেরাতে তারা একাধিক পরামর্শ দিয়েছেন। এমনকি কোম্পানিতে মডারেটর অ্যাডভোকেট নিয়োগের কথাও উঠেছে।

চলতি মাসে এপিআই এর মূল্যবৃদ্ধির প্রতিবাদে ৮০০০ এর মত সাবরেডিট নিজেদের কার্যক্রম বন্ধ রেখেছিল। প্রথমে ৪৮ ঘণ্টা বন্ধ থাকার ঘোষণা দিলেও অধিকাংশ সাবরেটিড আরো বেশিক্ষণ বন্ধ ছিল। এপিআই মূল্যবৃদ্ধির ফলে অ্যাপোলোর মত জনপ্রিয় রেডিট থার্ড পার্টি অ্যাপ বন্ধ হয়ে যাওয়ার ঘোষণা দেয়।

খোলা চিঠিতে সমঝোতার ভিত্তিতে সমাধানের কথা বলা হলেও রেডিট তাদের সিদ্ধান্তে অটল৷

গুগল এডসেন্স এর বিকল্প সেরা ৫ এড নেটওয়ার্ক

বর্তমানে কম বেশি আমাদের সকলের মধ্য একটি ইচ্ছা থাকে যে অনলাইন থেকে ইনকাম করবো। আপনি এই ইচ্ছার থেকেই হয়তো নিজের একটি ইউটিউট চ্যানেল খুলে ফেলছেন বা আপনি একটি ইনকাম করার উদ্দেশ্য নিয়ে ব্লগ সাইট খুলতে চাচ্ছেন কিংবা আপনার আগেরি একটি ব্লগ সাইট বা ইউটিউব সাইট আছে। কিন্তু অনেক অনেক দুঃখ হলেও সত্যি যে আপনি সেই অনলাইন ওয়েবসাইট বা ইউটিউব কোনটি থেকেই ইনকাম করতে পারছেন না। অনেক কষ্ট করে সফলতা না পাওয়ার পর আপনি হয়তো এখন হতাশ। সফলতা না

পাওয়ার অন্যতম একটি কারণ হলো Adsense এর কড়া নিয়ম বা কঠোর প্রাইভেসি পলিসি।

আমরা নতুন যারা আছি তারা হয়তো এই অ্যাডসেন্স এর পলিসি ফিলাপ করতে পারে না ফলে অ্যাডসেন্স ও আমাদের কপালে জোটে না। আর অ্যাডসেন্স না থাকলে অনলাইন থেকে ইনকাম করার স্বপ্ন টাও আর পূরণ হয় না। স্বপ্ন স্বপ্নই থেকে যায়। তো বন্ধুরা আজ আমি আপনাদের সেই স্বপ্ন পূরণ করতেই সাহায্য করবো। হ্যাঁ বন্ধুরা আজ আমি আপনাদের অ্যাডসেন্স এর বিকল্প সেরা ৫ টি সাইট নিয়ে আলোচনা করবো। যেগুলো দিয়ে আপনি অ্যাডসেন্স না থাকলেও অ্যাডসেন্স এর থেকে ভালো টাকা ইনকাম করতে পারবেন।

মিডিয়া ডট নেট

আমরা যদি অ্যাডসেন্স এর সেরা কোন বিকল্প খুঁজি তাহলে মিডিয়া ডট নেট কে গুগল অ্যাডসেন্স এর পরেই স্থান দেওয়া হবে। কারণ এই এডনেটওয়ার্ক ওয়েবসাইটে প্রায় ২০,০০০ এর ও বেশি কোম্পানি তাদের শেয়ারে নিজের প্রচার কাজ চালিয়ে যান। এই মিডিয়া ডট নেট ওয়েবসাইটটির মাধ্যমে আপনি গুগল অ্যাডসেন্স এর থেকেও অনেক বেশি পরিমাণ ইনকাম করতে পারেবেন। যদি আপনাদের ওয়েবসাইটে কাঙ্ক্ষিত টার্গেট অডিয়েন্স বা ভিউস থাকে। এই ওয়েবসাইটটির আরো একটি ভালো দিক হলো আপনি মনিটাইজ এর জন্য এপ্লাই করার পর আপনাকে সর্বোচ্চ ২৪ ঘণ্টার মধ্য রিপ্লাই করে জানাবে আপনার ওয়েবসাইটটি তাদের এডনেটওয়ার্ক এর এড পাবলিশ করার জন্য উপযুক্ত কিনা।

ওয়াইলিক্স মিডিয়া

আমরা যদি দ্বিতীয় স্থানে অ্যাডসেন্স এর সেরা কোন বিকল্প খুঁজি তাহলে ওয়াইলিক্স মিডিয়া দ্বিতীয় স্থানে আসতে বাধ্য। এটি গুগলের বিকল্প হিসাবে সেরা একটি এডস নেটওয়ার্ক ওয়েবসাইট। কারণ এর এডস সমূহ এতোটাই আকর্ষণীয় যে একজন ভিজিটর কে মুগ্ধ করে ফেলবে এডস ক্লিক করতে। আর বরাবর এর মতোই এডস এ যতো ক্লিক বেশি হবে আপনার ইনকাম ও ততো বেশি হবে। তাই ইনকাম বেশির দিক থেকে তুলনা করলে ওয়াইলিক্স মিডিয়া অ্যাডসেন্স এর সেরা বিকল্প হিসাবে কাজ করবে। ওয়াইলিক্স মিডিয়াতে মনিটাইজ পাওয়ার শর্ত সমূহ হলো—

এখানে কোন শর্ত পূরণ করতে হয় না। একাউন্ট করার সাথে সাথে আপনার অ্যাডসেন্স একাউন্ট টি সক্রিয় হয়ে যাবে।

সব দেশের ভিজিটর নিয়ে এপ্লাই করতে পারবেন। কান্ট্রি ভিজিটর এর কোন বাধা নেই। শুধুমাত্র বাংলাদেশের ভিজিটর নিয়েও একাউন্ট সক্রিয় করতে পারবেন।

তাবোলা ডট কম

আমরা যদি অ্যাডসেন্স এর সেরা কোন বিকল্প খুঁজি তাহলে তাবোলা ডট কমে আমাদের অজান্তেই এই লিস্টের তৃতীয় নাম্বারে চলে আসবে। তাবোলা ডট কম এর অ্যাডসেন্স সিস্টেম একদম ইউজার ফ্রেন্ডলি। তাই এখানে ইউজার বিরক্তের কোন প্রশ্নেই থাকবে না। ফলে আপনার ওয়েবসাইট এর ভিজিটর সংখ্যা দিন দিন বেড়ে যাবে। আর আপনার ইনকাম ও দিন দিন মাউন্ড এভারেস্ট এর মাথায় পৌঁছে যাবে। এই ওয়েবসাইটে আপনি যেকোনো ভাষায় কন্টেন্ট লিখেও মনিটাই এপ্রুভাল পেয়ে যাবেন। তবে তাবোলা ডট কম ছোট্ট খাটো কোনো ওয়েবসাইট এ তাদের মনিটাইজ এপ্রুভ দেয় না। আপনার ওয়েবসাইটে যদি মাসে সর্বনিম্ন ৫০০, ০০০ ভিজিটর থাকে তাহলে আপনি তাবোলা ডট কম মনিটাইজ পাবেন এ ব্যতীত পাবেন না। কারণ ভিজিটর কম ওয়েবসাইট গুলোতে তাবোলা তাদের এডস নেটওয়ার্ক এপ্রুভ করে না।

চিটিকা

আপনি যদি একজন ব্লগার ওয়েবসাইটের মালিক হয়ে থাকেন তাহলে সেটি থেকে নিশ্চয়ই ইনকাম এর কথা ভাবছেন। কিন্তু গুগল অ্যাডসেন্স এর পলিসির কারণে আপনার স্বপ্ন টা পূরণ হচ্ছে না। তাদের জন্য এই চিটিকা এডস নেটওয়ার্ক ওয়েবসাইটটি কিন্তু সেরাদের একটি হতে চলছে। কারণ এখানে আপনাকে কোন টার্গেট ফিলাপ করতে হবে না। শুধুমাত্র একটি একাউন্ট খুলে নিলেই আপনি এডস পাবলিক এর অপশন পেয়ে যাবেন। আর এদের এডস গুলোও অনেকটা ইউজার ফ্রেন্ডলি হয়ে থাকে। এটি কিন্তু বেশ জনপ্রিয় একটি ওয়েবসাইট। এখানে সারাবছর প্রায় ৩৫০০.০০০ এডস পাবলিশার্স তাদের প্রডাক্ট প্রমোশন করে থাকেন। সবকিছু উপর ভিত্তি করে বলতেই হয় অ্যাডসেন্স এর বিকল্প

হিসাবে চিটিকা আপনার জন্য সেরা একটি ওয়েবসাইট হতে পারে।

মেগিড

আপনি যদি ব্লগার থেকে সফল হিসাবে ভালো ইনকাম করতে চান তাহলে আপনার জন্য মেগিড একটি সেরা চয়েস হতে চলেছে। কারণ এখানে ইনকামের হাই CPM এবং হাই CTR দেওয়া হয়। যার কারণে ইনকাম এর পরিমাণ সাধারণ

এর চেয়ে অনেক বেশি হয়। তবে মেগিড সাধারণত অন্য সব এডস নেটওয়ার্ক এর থেকে একদম আলাদা। কেনো আলাদা সেটা এবার শুনুন। আপনার ওয়েবসাইটটি যদি ছোট খাট একটি ওয়েবসাইট হয় তাহলে কিন্তু মেগিড এ আপনার ওয়েবসাইটটি এডস পাবলিশ এর জন্য কখনো এপ্রুভাল পাবেন না। মেগিড এ আপনার ওয়েবসাইট টি এপ্রুভাল পেতে হলে মাসে সর্বনিম্ন ৩০০০০ হাজার থেকে ৯০০০০ হাজার ইউনিক ভিজিটর থাকতে হবে। তবেই এপ্লাই করার ২৪ ঘণ্টার মধ্য এপ্রুভ পেয়ে যাবেন। নয়তো আপনার ওয়েবসাইটটিকে এডস পাবলিশ করার জন্য অনুমোদন দেওয়া হবে না। মেগিড এর সেরা ফিচার হলো তাদের এডস সিস্টেম এমন করা থাকে যা আপনার ওয়েবসাইট এর কন্টেন্ট এর একদম মিশে যায়। ফলে আপনার কন্টেন্ট কোনটা আর এডস কোনটা সেটা সহজে বুজা যায় না। যার কারণে ইউজারের ক্লিক অনেক বেশি হয়। ফলে আপনার ইনকাম এর সংখ্যাও অনেক গুনে বেরে যায়।

চ্যাটজিপিটি ব্যবহারকারীর তথ্য ‘ডার্ক ওয়েবে’ বিক্রির অভিযোগ

ডার্ক ওয়েবে চুরি করা চ্যাটজিপিটি অ্যাকাউন্টের সংখ্যা গুনে শেষ করার নয়। চ্যাটজিপিটি আসার পর যেকোনো চ্যাটবট ও কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহারকারী ভাষা অ্যাপ তাদের কার্যকারিতা খুইয়েছে। কিন্তু ব্যাপক জনপ্রিয়তার নেতিবাচকতা কি কম? চ্যাটজিপিটির প্রিমিয়াম অ্যাকাউন্টের ওপর নজর পড়েছে হ্যাকারদের।

সম্প্রতি সাইবারসিকিউরিটি ফার্ম গ্রুপ-আইবির এক প্রতিবেদনে বলা হয়েছে, ১ লাখেরও বেশি চ্যাটজিপিটি লগিন ক্রেডেনশিয়াল বিক্রির জন্য ডার্ক ওয়েবে তোলা হয়েছে। ফার্মটি জানিয়েছে, জনপ্রিয় র্যাকুন ম্যালওয়ারের মাধ্যমে হ্যাকাররা ডাটা সংগ্রহ করছে। র্যাকুন যেকোনো সাধারণ ম্যালওয়ারের মতোই কাজ করে। অধিকাংশ সময় এটি ব্যবহারকারীর কম্পিউটারে সাধারণ অ্যাপ বা ফাইল আকারে ডাউনলোড হয়। তারপর ম্যালওয়ারটি ছড়িয়ে পড়ে ব্যবহারকারীর ডাটা চুরি করে নেয়।

এমনিতেও হ্যাকারদের কবলে চ্যাটজিপিটি অ্যাকাউন্ট নিরাপদ নয়। এ নিয়ে অনেক সমস্যা অতীতে খুঁজে বের করা হয়েছে। এর আগে গুগলের মতো বড় টেক কোম্পানি তাদের কর্মীদের নির্দেশ দিয়েছে তারা যেন চ্যাটজিপিটিতে সেন্সিটিভ কোনো তথ্য প্রদান না করে। যদি হ্যাকাররা চ্যাটজিপিটির হিস্ট্রি দেখে তাহলে এসব তথ্য সহজেই পেয়ে যাবে।

সমস্যার পরিধি বিশাল। অনেক প্রতিষ্ঠান তাদের নানা অবকাঠামোগত ব্যবস্থায় চ্যাটজিপিটি ব্যবহার শুরু করেছে। তাছাড়া সমস্যা এখানেই নয়। হ্যাক করা অ্যাকাউন্ট অন্য কেউ ব্যবহার করছে। আপনি খরচ করে অন্যকে চ্যাটজিপিটির সাবস্ক্রিপশন ব্যবহারের সুযোগ করে দেওয়া মোটেও ভালো কিছু হতে পারে না।

সূত্র: ম্যাশেবল

আসছে ক্রোমের নতুন আপডেট

ক্রোম অনেকদিন ধরেই নিজেদের আরও নিখুঁত করার চেষ্টা করছে। কিন্তু আইফোনে ক্রোম আরও বেশকিছু বড় সুবিধা যুক্ত করছে।

এখন থেকে আইফোনের ম্যাপে কোনো লিংক ক্রিয়েট করলে ক্রোম সরাসরি গুগল ম্যাপে পাঠিয়ে দেবে না। এখন আর গুগল অ্যাপ ইচ্ছেমত ডাউনলোড করতে হচ্ছে না। গুগল সামনে আইফোনের ক্রোমে গুগল লেন্সও যুক্ত করতে চলেছে।

শুধু তাই নয়, আইফোনে ক্রোম ব্যবহার করেই অনুবাদ ও অন্যান্য কাজ করা যাবে। ক্যামেরা লেন্স ব্যবহার করে সহজেই ডকুমেন্ট বা অন্যান্য সার্চের কাজ করা যাবে। আইওএসে ব্যবহারের অভিজ্ঞতাই বদলে যাচ্ছে ক্রোমে।

ড্রপবক্স চালু করছে কৃত্রিম বুদ্ধিমত্তা সেবা

এবার ক্লাউড সার্ভিস ড্রপবক্সেও কৃত্রিম বুদ্ধিমত্তার দুটো সেবা চালু হচ্ছে। প্রথম সেবাতে ডকুমেন্টের সারমর্ম করা আর খোঁজার কাজটা করা যাবে সহজে। ক্যাটাগরি ভাগ করার ক্ষেত্রে এটি একটি সহজ ও কাজের টুল।

ড্রপবক্সের দ্বিতীয় সেবাটি আকর্ষণীয়। ড্রপবক্স একটি ইউনিভার্সাল সার্চ ইঞ্জিন চালু করতে চলেছে। এই সার্চ ইঞ্জিন দিয়ে শুধু ড্রপবক্সের ফাইল এক্সেস করা যাবে তা নয়। বরং এই সার্চ ইঞ্জিন দিয়ে আপনি সহজেই ওয়েবের ফাইলও এক্সেস করতে পারবেন।

ড্রপবক্সের সিইও ড্রিউ হাউসটন জানান, আগে ডেস্কটপে অসংখ্য ফোল্ডার আর ফাইল দেখা যেত। আর এখন আপনি ব্রাউজারে দেখবেন অনেকগুলো ট্যাব। তাহলে ড্রপবক্সে বড় পরিবর্তন আনাটা জরুরি।

মূলত একটি ড্যাশ অ্যাপ আসতে চলেছে। এই অ্যাপ দুটো ভাগে বিভক্ত হয়ে আসছে। প্রথমটি ডেস্কটপ অ্যাপ। এটি একটি কিবোর্ড শর্টকাট হিসেবে কাজ করবে। আরেকটি আসছে ব্রাউজার এক্সটেনশন হিসেবে। ড্রপবক্সের তাহলে সুবিধা কোথায়? প্রথমত, আপনার হয়ত দুই মিনিট পর জুম মিটিং আসছে। তাহলে এখন আপনার জরুরি ডকুমেন্ট কিভাবে খুঁজে বের করবেন? এটাই সবচেয়ে সহজ উপায়। ভেবে দেখুন।

দশ বছর বয়সীরা ব্যবহার করতে পারবে মেটার কোয়েস্ট হেডসেট

মেটা কদিন আগে তাদের মিক্স রিয়েলিটি হেডসেট চালু করেছিল। তাদের নতুন কোয়েস্ট ৩ হেডসেট ইতোমধ্যে জনপ্রিয়তা পেয়েছে।

জাকারবার্গের কোম্পানি এখন অগমেন্টেড রিয়েলিটি আর ভার্চুয়াল রিয়েলিটির খাতে সবচেয়ে বড় কোম্পানি। কিন্তু ১০-১২ বছর বয়সীদের

পক্ষে এই গ্যাজেট ব্যবহার করা সম্ভব ছিল না। কিন্তু মেটা কোয়েস্ট ২ আর কোয়েস্ট ৩ মডেল অল্পবয়সীদের উপযুক্ত করে তুলছে।

মূলত বাবা-মা তার সন্তানদের এ গ্যাজেট ব্যবহারের নিয়ন্ত্রণ পাবেন। বয়স অনুযায়ী এই অগমেন্টেড রিয়েলিটিতে স্টোর থেকে এমন অ্যাপই পাওয়া যাবে। মেটা বলছে, বাবা-মা এখন সন্তান কি দেখছে এবং ব্যবহার করছে তার নিয়ন্ত্রণ পাবে। ফলে প্রযুক্তির অপব্যবহারের সুযোগ এখানে নেই। বিশেষত এই বয়সীদের সামনে কোনো বিজ্ঞাপনও আসবে না। ফলে ভুল বা খারাপ কিছু দেখার সম্ভাবনাও ক্ষীণ।

দেশের প্রতিটি প্রান্তে উন্নয়নের বার্তা পৌছে দেওয়ার লক্ষে স্মার্ট কর্ণারের যাত্রা

বাংলাদেশ আওয়ামী লীগের জাতীয় নির্বাচন পরিচালনা কমিটির কো- চেয়ারম্যান কবির বিন আনোয়ার বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার আন্তরিকতায় বাংলাদেশ আজ ডিজিটাল বাংলাদেশে উন্নীত হয়েছে। স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের জন্য মাননীয় প্রধানমন্ত্রী যে অক্লান্ত পরিশ্রম করে যাচ্ছেন তারই ধারাবাহিকতায় আওয়ামী লীগের প্রতিটি কার্যালয়ে স্মার্টকর্ণার স্থাপন করার কার্যক্রম চলমান রয়েছে। পর্যায়ক্রমে উপজেলা পর্যায়ে ও প্রতিটি কার্যালয়ে স্মার্ট কর্ণার স্থাপন করার মাধ্যমে দেশের প্রতিটি প্রান্তে উন্নয়নের বার্তা পৌঁছে দেওয়া হবে।

শনিবার সকালে জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে মেহেরপুর জেলা আওয়ামী লীগ কার্যালয়ে স্মার্ট কর্ণার উদ্বোধন উপলক্ষে মতবিনিময় সভায় তিনি এ কথা বলেন।

তিনি আরো বলেন, স্মার্ট কর্ণার স্থাপনের ফলে এখন থেকে প্রতিটি জেলা আওয়ামী লীগ কার্যালয়ের ডিজিটাল সুবিধার মাধ্যমে মুক্তিযুদ্ধ, সরকারের উন্নয়ন, সাফল্য ও সম্ভাবনার চিত্র তুলে ধরে প্রচার-প্রচারণা চালানো হবে। এ উদ্যোগের ফলে নতুন প্রজন্ম সঠিক

ইতিহাস ও তথ্য পাবে।

এ সময় তিনি ঐক্যবদ্ধভাবে মুক্তিযুদ্ধের বিপক্ষের শক্তিকে রুখে দিয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উন্নয়নের গতিকে আরও বেগবান করতে নেতা-কর্মীদের প্রতি আহ্বান জানান।

অনুষ্ঠানে ভার্চুয়ালি সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা আওয়ামীলীগের সভাপতি ও জনপ্রশান প্রতিমন্ত্রী মো: ফরহাদ হোসেন এমপি। অনুষ্ঠান সঞ্চালনা করেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল খালেক। অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন, তথ্য প্রযুক্তিবিদ সুফি ফারুক ইবনে আবু বকর, প্রকৌশলী মো: তানভীর হাসান তালাশ, জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ইব্রাহিম শাহীন, গাংনী পৌর মেয়র আহমেদ আলী, সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি বোরহান উদ্দিন, সাধারণ সম্পাদক মোমিনুল ইসলাম।

এর আগে ফিতা কেটে কবির বিন আনোয়ার জেলা আওয়ামী লীগের স্মার্ট কর্ণারের উদ্বোধন করেন। নির্বাচন পরিচালনা কমিটির “রোড টু স্মার্ট বাংলাদেশ” কর্মসূচীর আওতায় দেশব্যাপী আওয়ামী লীগের সাংগঠনিক জেলা অফিসগুলোকে স্মার্ট কার্যালয় হিসেবে গড়ে তোলার লক্ষে মেহেরপুর জেলা আওয়ামী লীগ কার্যালয়ে “স্মাটর্ কর্ণার” এর উদ্বোধন করা হয়।